গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

# জাতীয় বাজেট ২০১৪-২০১৫

## মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

NBR

মূল্য সংযোজন কর অনুবিভাগ

২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বংলা/ ০৫ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

কেবলমাত্র সরকারী কাজে ব্যবহার্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

# ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর কর্মকর্তাগণের জন্য নির্দেশনা

মূল্য সংযোজন কর অনুবিভাগ
ঢাকা, ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বাং/০৫ জুন, ২০১৪ খ্রিঃ

সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০২০.১৪/২৮০ তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বাং/০৫ জুন, ২০১৪ খ্রিঃ

বিষয় ঃ ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিষয়ে গৃহীত ব্যবস্থার উপর নির্দেশনা।

মূল্য সংযোজন কর (মূসক) ব্যবস্থাকে আরও স্বচ্ছ, সহজীকরণ ও সুসংহত করার জন্য ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ ও মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এ প্রয়োজনীয় কিছু সংশোধনী আনা হয়েছে। এছাড়া মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত কতিপয় প্রজ্ঞাপন বাতিল/সংশোধন করা হয়েছে এবং কয়েকটি নতুন প্রজ্ঞাপন/আদেশ জারি করা হয়েছে। এতদ্ব্যতীত গত অর্থবছরের বাজেট পাশের পর বিভিন্ন সময়ে প্রজ্ঞাপন বা আদেশের মাধ্যমে যে সকল পরিবর্তন হয়েছে তা নতুন প্রজ্ঞাপন/আদেশে অন্তর্ভুক্ত করা হয়েছে।

০২। মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর নিম্নবর্ণিত ধারাসমূহ সংশোধন/সংযোজন/প্রতিস্থাপন/সন্নিবেশ/বিলুপ্তির প্রস্তাব করা হয়েছে ঃ

| ক্র/নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| ১. | ধারা ৯ | সংশোধন | অব্যাহতিপ্রাপ্ত সেবার বিপরীতে ব্যবহৃত উপকরণের ওপর পরিশোধিত মূসক রেয়াতযোগ্য হবেনা; কিন্তু আইনে তা সুস্পষ্টভাবে উল্লেখ না থাকায় মাঠপর্যায়ে জটিলতা সৃষ্টি হচ্ছে। তাই, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা-৯ এর উপধারা (১)(ক) তে উল্লিখিত "পণ্য উৎপাদনে" শব্দগুলির পর "বা সেবা প্রদানে" শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। |
| ২. | ধারা ১৫ | বিলুপ্ত | নতুন মূসক আইন, ২০১২ এ নিবন্ধন নবায়নের কোন বিধান নেই এবং বর্তমানে নিবন্ধন নবায়নের প্রচলন নেই। তাই মূসক নিবন্ধন নবায়ন সংক্রান্ত আইনের ধারা ১৫(৩ক) বিলুপ্ত করা হয়েছে। |
| ৩. | ধারা ২৪ | সংশোধন | অন্যান্য প্রতিষ্ঠানের ন্যায় স্বায়ত্তশাসিত সংস্থা ও আধা সরকারি প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণের লক্ষ্যে এবং রাজস্ব আদায় কার্যক্রমকে আরও গতিশীল করতে উল্লিখিত আইনের ধারা-২৪(১) প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(১) মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ এই আইনের অধীন তাহাদের দায়িত্ব পালনের জন্য নিম্নবর্ণিত কর্তৃপক্ষ, কর্মকর্তা বা সদস্যের সহায়তা যাচনা করিতে পারিবে এবং উহারা উক্তরূপ সহায়তা প্রদানে বাধ্য থাকিবে, যথা:- |

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | (ক) বাংলাদেশ পুলিশ, বর্ডার গার্ড বাংলাদেশ, বাংলাদেশ কোস্ট গার্ড ও আনসারের যে কোনো সদস্য;<br>(খ) মূল্য সংযোজন কর, আবগারী শুল্ক, আয়কর ও মাদক দ্রব্য সংক্রান্ত কর্মকান্ড পরিচালনা ও নিয়ন্ত্রণকারী সকল কর্মকর্তা;<br>(গ) গ্যাস, বিদ্যুৎ, পানি, টেলিফোন বা অনুরূপ সেবাপ্রদানকারী সংস্থার সকল কর্মকর্তা;<br>(ঘ) সকল ব্যাংক কর্মকর্তা;<br>(ঙ) ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ ও সিটি কর্পোরেশনের কর্তৃপক্ষ; এবং<br>(চ) অন্য যে কোনো সরকারী কর্মকর্তা।" |
| ৪. | ধারা ২৬ | সংশোধন | আইনের ধারা ২৬(৪) এ উল্লিখিত "রাজস্ব" শব্দটি আইনানুগ জটিলতা সৃষ্টি করতে পারে। তাই আইনি জটিলতা নিরসনকল্পে আইনের ধারা ২৬(৪) এ উল্লিখিত "রাজস্ব" শব্দটির পরিবর্তে " কর" শব্দটি প্রতিস্থাপন করা হয়েছে। |
| ৫. | ধারা ৩৭ | সংশোধন | আইনের ধারা ৩৭(২)(ঙ) মোতাবেক ক্রয় হিসাব পুস্তকে উপকরণ ক্রয় সংক্রান্ত তথ্য লিপিবদ্ধ না করে মূসক পরিহারের সুযোগ বন্ধ করে ক্রয়কৃত উপকরণের তথ্য দ্রুত রেজিষ্টারে এন্ট্রি করার বাধ্যবাধকতা সৃষ্টির লক্ষ্যে আইনের ধারা-৩৭ (২) এর দফা (ঙ) তে উল্লিখিত "উপকরণ ক্রয় সংক্রান্ত তথ্য" শব্দগুলির পর "২৪ ঘন্টার মধ্যে" সংখ্যা ও শব্দগুলি সন্নিবেশ করা হয়েছে। |
| ৬. | ধারা ৪১ | সংশোধন | ধারা ৪১ এ বিমোচন জরিমানা আরোপের সীমা নির্ধারিত না থাকায় অনেক ক্ষেত্রেই করদাতাগণ আর্থিক জরিমানার ক্ষেত্রে ক্ষতির সম্মুখীন হন। তাই ন্যায় নির্ণয়নকারী কর্মকর্তার স্বেচ্ছাধীন ক্ষমতা সীমিত করার লক্ষ্যে ধারা ৪১ তে উল্লিখিত "উপযুক্ত জরিমানা প্রদানপূর্বক" শব্দগুলির পরিবর্তে "ফাঁকিকৃত করের সর্বনিম্ন এক চতুর্থাংশ হইতে সর্বোচ্চ অর্ধাংশ পর্যন্ত জরিমানা আরোপণপূর্বক" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। |
| ৭. | দ্বিতীয় তফসিল | সংশোধন | দ্বিতীয় তফসিলে নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হয়েছে, যথা:-<br>(ক) দফা (ঘ) বিলুপ্ত হইবে;<br>(খ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>"(ঙ) কৃষিকাজের সহিত সংশ্লিষ্ট পোকামাকড় দমন ও |

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | বালাইনাশক কার্যক্রম;";<br>(গ) দফা (ছ) এর প্রান্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে, এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (জ) সংযোজিত হইবে, যথা:-<br>(জ) ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিচালিত কাজের বিনিময়ে খাদ্য (কাবিখা) কর্মসূচী এবং কাজের বিনিময়ে টাকা (কাবিটা) কর্মসূচী।" |
| ৮. | তৃতীয় তফসিল | প্রতিস্থাপন | The Customs Act, 1969 এর First Schedule এ হেডিং ও পণ্য বর্ণনার সাম্প্রতিক পরিবর্তন ও সম্পূরক শুল্ক হার এ পরিবর্তন আনার কারণে তৃতীয় তফসিল সংশোধন করে নতুনভাবে প্রতিস্থাপন করা হয়েছে। |
| ৯. | স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ | নতুন কর আরোপ | তামাকজাত পণ্যের ব্যবহার নিয়ন্ত্রণ ও তামাকজনিত রোগের চিকিৎসা ব্যয় মেটানোর লক্ষ্যে ২০১৪ সনের অর্থ আইনে "স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ" সংক্রান্ত নতুন ধারা নিম্নোক্তভাবে সংযোজন করা হয়েছে, যথা-<br>"**স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ**।— (১) বাংলাদেশে আমদানিকৃত ও উৎপাদিত তামাকজাত সকল ধরণের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে স্বাস্থ্য উন্নয়ন সারচার্জ আরোপ করা হইবে।<br>(২) Customs Act, 1969 (IV of 1969) এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন আমদানি শুল্ক (Customs duty) যে সময় এবং পদ্ধতিতে আরোপ ও আদায় করা হয় সেই একই সময় এবং পদ্ধতিতে বাংলাদেশে আমদানিকৃত তামাকজাত সকল পণ্যের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন সারচার্জ আরোপ ও আদায়যোগ্য হইবে।<br>(৩) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন মূল্য সংযোজন কর যে সময় এবং পদ্ধতিতে আরোপ ও আদায় করা হয় সেই একই সময় এবং পদ্ধতিতে বাংলাদেশে উৎপাদিত তামাকজাত সকল পণ্যের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন সারচার্জ আরোপ ও আদায়যোগ্য হইবে।<br>(৪) এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, জাতীয় রাজস্ব বোর্ড –<br>(ক) সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে; বা<br>(খ) সাধারণ বা বিশেষ আদেশ জারী করিতে পারিবে।" |
| ১০. | পরিবেশ সুরক্ষা | নতুন কর | পরিবেশ হানিকর শিল্প প্রতিষ্ঠানগুলোকে ইটিপি স্থাপনে |

| ক্র/ নং | ধারা | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | সারচার্জ | আরোপ | উৎসাহিতকরণ ও পরিবেশ সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ২০১৪ সনের অর্থ আইনে "পরিবেশ সুরক্ষা সারচার্জ" আরোপ সংক্রান্ত নতুন ধারা নিম্নোক্তভাবে সংযোজন করা হয়েছে, যথা-<br>**"পরিবেশ সুরক্ষা সারচার্জ।—** (১) পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে উৎপাদিত সকল ধরণের পণ্যের উপর মূল্যভিত্তিক ১% হারে পরিবেশ সুরক্ষা সারচার্জ আরোপ করা হইবে।<br>(২) মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন মূল্য সংযোজন কর যে সময় এবং পদ্ধতিতে আরোপ ও আদায় করা হয় সেই একই সময় এবং পদ্ধতিতে পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বাংলাদেশে উৎপাদিত সকল ধরনের পণ্যের ক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন সারচার্জ আরোপ ও আদায়যোগ্য হইবে।<br>(৩) জাতীয় রাজস্ব বোর্ড, পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সহিত পরামর্শক্রমে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরিবেশ দূষণকারী শিল্প প্রতিষ্ঠান নির্দিষ্ট করিবে।<br>(৪) এই ধারার উদ্দেশ্যপূরণকল্পে, জাতীয় রাজস্ব বোর্ড –<br>(ক) সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে; বা<br>(খ) সাধারণ বা বিশেষ আদেশ জারী করিতে পারিবে।<br>(৫) এই ধারার কোনো বিধান বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১নং আইন) এর কোনো বিধানকে ক্ষুণ্ণ করিবে না।" |

**০৩। মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নবর্ণিত বিধিসমূহ সংশোধন/ সংযোজন/প্রতিস্থাপন করা হয়েছে ঃ**

| ক্র/ নং | বিধি | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| ১. | বিধি ৪ | সংশোধন | পরিসংখ্যান প্রণয়নে স্বচ্ছতা আনয়ণের স্বার্থে টার্নওভার কর সংশ্লিষ্ট কমিশনারেটের কোডে জমা করা নিশ্চিত হওয়া প্রয়োজন। তাই বিধিমালার বিধি ৪(৪) এ উল্লিখিত টার্নওভার কর জমা প্রদানের খাত "১/১১৩৩/০০০০/০৩১৩" এর সংখ্যাগুলি ও চিহ্নগুলির পরিবর্তে "১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১৩" সংখ্যাগুলি, চিহ্নগুলি ও শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। |
| ২. | বিধি ৮ | সংশোধন | বিধিমালার বিধি-৮ অনুযায়ী মূসক কর্মকর্তা কর্তৃক পরীক্ষার |

| ক্র/ নং | বিধি | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | জন্য সংগৃহীত পণ্য বা উপকরণের নমুনা, কাঙ্ক্ষিত কার্যসম্পাদনের পর উহা প্রাপ্তির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে ফেরতের বিধান আছে। কিন্তু উক্ত বিধির শর্তাংশে অসাবধানতাবশত ১৫ (পনের) কার্যদিবসের পরিবর্তে ৩০ (ত্রিশ) দিন উল্লেখ থাকায় আইনি জটিলতার সৃষ্টি হচ্ছে। তাই আইনি জটিলতা নিরসনকল্পে বিধি ৮ এর প্রথম শর্তাংশে, দুইবার; উল্লিখিত "ত্রিশ দিনের" শব্দগুলির পরিবর্তে, উভয়স্থানে "১৫ (পনের) কার্যদিবসের" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। |
| ৩. | বিধি ১২ | প্রতিস্থাপন | মালিকানা পরিবর্তনের বিষয়ে সমুদয় পাওনা পরিশোধের বিধান করা যুক্তিযুক্ত হলেও ব্যবসার স্থান, কার্যক্রম, প্রকৃতি বা অন্য যে কোন পরিবর্তনের ক্ষেত্রে সমুদয় বকেয়া পাওনা পরিশোধের বিধানটি কঠোর বিধায় বিকল্প হিসাবে অঙ্গীকারনামা গ্রহণের বিধান করা হয়েছে। তাই বিধিমালার বিধি ১২(১) কে নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে, যথা-<br>"(১) মালিকানা হস্তান্তরের ক্ষেত্র ব্যতীত, কোনো নিবন্ধিত ব্যক্তির ব্যবসায়ের স্থান বা পরিস্থিতির পরিবর্তন করিবার প্রয়োজন হইলে তাহাকে উক্ত পরিবর্তনের অন্যূন ১৪ (চৌদ্দ) কার্যদিবস পূর্বে মূল্য সংযোজন কর বা ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক বা টার্নওভার কর বা অন্যান্য পাওনা সংশ্লিষ্ট অনিষ্পন্ন বা বিচারাধীন বা আপীলাধীন মামলার ক্ষেত্রে জড়িত করের তথ্য এবং মামলার সর্বশেষ অবস্থা বিষয়ে দালিলিক প্রমাণাদি সংযুক্ত করিয়া একশত পঞ্চাশ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দায়-দেনা পরিশোধের একটি অঙ্গীকারনামা স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে বা, প্রযোজ্যক্ষেত্রে, কার্যালয়সমূহে ফরম "মূসক-৯" এ দাখিল করিতে হইবে।" |
| ৪. | বিধি ১৬ | সংশোধন | বিধিমালার বিধি ১৬(২) অনুযায়ী নিবন্ধিত ব্যক্তি কর্তৃক প্রতিটি সরবরাহের বিপরীতে ইস্যুকৃত চালানপত্রের একটি অনুলিপি ৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে এবং বিধি ১৬(২) অনুযায়ী নিজস্ব ভোগের নিমিত্তে সরবরাহের বিপরীতে ইস্যুকৃত চালানপত্রের একটি অনুলিপি বাহাত্তর ঘন্টার মধ্যে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণের বিধান আছে। আলোচ্য দু'টি ক্ষেত্রে চালানপত্রের অনুলিপি স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণের সময়সীমা একই রকম হওয়া বাঞ্ছনীয় বিবেচনায় বিধি ১৬(২) এর শেষাংশে "বাহাত্তর ঘন্টার" শব্দগুলির পরিবর্তে "৫ (পাঁচ) কার্যদিবসের" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। |

| ক্র/ নং | বিধি | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| ৫. | বিধি ১৯ | সংশোধন | আইনের ধারা ৯(১) এর শর্তাংশে বিশেষ কারণে উপকরণ কর রেয়াত গ্রহণের সময়সীমা পরবর্তী দুই কর মেয়াদ পর্যন্ত বর্ধিত করা হলেও বিধি ১৯(১) ও বিধি ১৯(৫) এ প্রয়োজনীয় সংশোধনী আনয়ন করা হয়নি। তাই নিম্নরূপ সংশোধনী আনয়ন করা হলো:- "উক্ত কর মেয়াদে" শব্দগুলির পর "অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে" শব্দগুলি, সংখ্যাগুলি ও বন্ধনী সন্নিবেশ করা হয়েছে। |
| ৬. | বিধি ১৯ | সংশোধন | ট্যারিফ মূল্যের পণ্যের ক্ষেত্রে উপকরণ কর রেয়াত নেয়ার বিধান নাই। তাই, একই উপকরণ দ্বারা করযোগ্য পণ্য, অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও ট্যারিফ মূল্যের পণ্য উৎপাদন করলে অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও ট্যারিফ মূল্যের পণ্য উৎপাদনে ব্যবহৃত পরিমাণ উপকরণের উপর পরিশোধিত মূসক রেয়াতযোগ্য হবে না। বিষয়টি বিধিতে স্পষ্ট না থাকায় মাঠপর্যায়ে জটিলতার সৃষ্টি হচ্ছে। সে কারণে, বিধি ১৯(৩) এ উল্লিখিত "উক্ত করমেয়াদে বিক্রয়কৃত" শব্দগুলির পর "ট্যারিফ মূল্যের পণ্য ও" শব্দগুলি সন্নিবেশিত করা হয়েছে। |
| ৭. | বিধি ১৯ | সংশোধন | বিদ্যমান বিধি ১৯(৪) এ প্রত্যর্পণের বিষয়টি সুস্পষ্ট উল্লেখ নাই। একই উৎপাদক স্থানীয় সরবরাহ ও রপ্তানি করলে এবং প্রদেয় কর প্রত্যর্পণযোগ্য করের চাইতে অধিক হলে চলতি হিসাবে সমন্বয়ের সুযোগ বিধিতে স্পষ্ট হওয়া আবশ্যক। তাই, বিধি ১৯(৪) নিম্নবর্ণিতভাবে প্রতিস্থাপন করা হয়েছে, যথা:-<br>"(৪) যে নিবন্ধিত ব্যক্তি করযোগ্য পণ্য সরবরাহ করেন এবং এইরূপ কোনো পণ্য রপ্তানি করেন যাহার প্রস্তুতকরণে বা উৎপাদনে মূল্য সংযোজন করসহ অন্যান্য শুল্ক ও কর প্রদত্ত উপকরণ ব্যবহৃত হয়, তিনি তৎকর্তৃক ক্রীত উপকরণ পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনস্থলে প্রবেশের পর উক্ত কর মেয়াদে অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে উহার ওপর প্রদত্ত মূল্য সংযোজন কর চলতি হিসাবের রেয়াত কলামে লিপিবদ্ধ করিয়া করযোগ্য পণ্য সরবরাহের ওপর প্রদেয় উৎপাদ করের বিপরীতে রেয়াত গ্রহণ করিতে পারিবেন এবং সংশ্লিষ্ট করমেয়াদ সমাপ্তির পর উক্ত কর মেয়াদে অথবা ধারা ৯ এর উপ-ধারা (১) এর শর্তাংশে উল্লিখিত পরিস্থিতির ক্ষেত্রে পরবর্তী দুই কর মেয়াদে রপ্তানি বাবদ প্রত্যর্পণযোগ্য কর প্রদেয় কর অপেক্ষা কম হইলে রপ্তানিকৃত পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণের ওপর যে পরিমাণ সম্পূরক শুল্ক, আমদানি শুল্ক, |

| ক্র/ নং | বিধি | কার্যক্রম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| | | | আবগারি শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও কর (আগাম আয়কর ব্যতীত) প্রদত্ত হইয়াছে, সেই পরিমাণ অর্থ চলতি হিসাবের "অন্যান্য সমন্বয়" কলামে লিপিবদ্ধ করিয়া প্রত্যর্পণ গ্রহণ করিতে পারিবেন এবং উহা উক্ত কর মেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করিবেন।" |
| ৮. | বিধি ২০ক | প্রতিস্থাপন | বিধিমালার বিধি ২০ক অনুযায়ী মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উৎপাদক মুচলেকা প্রদানপূর্বক মূসক পরিশোধ ব্যতিরেকে পণ্য সরবরাহ করিতে পারেন। উক্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ক্রেতার উৎপাদনস্থল বা সেবা প্রদানস্থলে যথাযথভাবে স্থাপিত হয়েছে মর্মে বিভাগীয় কর্মকর্তার সন্তুষ্টি সাপেক্ষে উক্ত মুচলেকা বাতিলের বিধান আছে। দেশে উৎপাদিত যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উৎপাদন পর্যায়ে অব্যাহতি সুবিধা গ্রহণের ক্ষেত্রে মুচলেকা প্রদান, স্থাপনের সনদ গ্রহণের বাধ্যবাধকতায় মাঠ পর্যায়ে জটিলতার সৃষ্টি হয়। তাই বিধি (২০ক) এর শর্তগুলি সরলীকরণ করার নিমিত্তে বিধি ২০ক কে নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে, যথা-<br>"**২০ক। মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উৎপাদন পর্যায়ে বিশেষ সুবিধা।**– The Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section19 এর sub-section (১) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর আওতায় সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত অব্যাহতি বা রেয়াতী সুবিধা সংক্রান্ত শুল্ক ও মূল্য সংযোজন কর প্রজ্ঞাপনের আওতাভুক্ত অব্যাহতিপ্রাপ্ত সুনির্দিষ্ট এইচ,এস, কোড এর মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ বাংলাদেশে উৎপাদনের ক্ষেত্রে উহার প্রস্তুতকারক বা উৎপাদক মূল্য সংযোজন কর পরিশোধ ব্যতিরেকে সরবরাহ করিতে পারিবেন।" |
| ৯. | বিধি ৩২ক | সংশোধন | বিধিমালার বিধি ৩২ক মোতাবেক প্রত্যর্পণ গ্রহণের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে উপস্থাপিত দলিলপত্রাদির সত্যতা বিষয়ে পঞ্চাশ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিলের বিধান আছে। বিধি ৩২ক এর দফা (ঘ) এ উল্লিখিত "পঞ্চাশ টাকার" শব্দগুলির পরিবর্তে "একশত পঞ্চাশ টাকার" শব্দগুলি প্রতিস্থাপন করা হয়েছে। |
| ১০. | ফরম ৬ | সংশোধন | ফরম "মূসক-৬" এর আবেদনকারীর জন্য নির্দেশনা অংশের ক্রমিক নং ১৬ ও উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক ১৬ ও এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, |



২—

<table>
<tr><th>ক্র/ নং</th><th>বিধি</th><th>কার্যক্রম</th><th>বিষয়বস্তু</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>যথা:-<table><tr><td>"16.</td><td>Trade license. TIN & National ID Number</td><td>আবেদনকারী সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হইলে ট্রেড লাইসেন্স & TIN দাখিলের প্রয়োজন হইবে না এবং আবেদনকারী ব্যক্তি (indivisual) পেশাজীবি হইলে ট্রেড লাইসেন্স দাখিলের প্রয়োজন হইবে না।"</td></tr></table></td></tr>
<tr><td>১১.</td><td>ফরম ৯</td><td>সংশোধন</td><td>ফরম "মূসক-৯" এর "সংযোজনী" অংশের ক্রমিক ৫ এর পর নিম্নরূপ ক্রমিক ৬ সংযোজিত হইবে, যথা:-<br>"৬। অনিষ্পন্ন মামলায় জড়িত অনাদায়ী করের সর্বশেষ অবস্থা সম্পর্কে দালিলিক প্রমাণসহ একশত পঞ্চাশ টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দায়-দেনা পরিশোধের অঙ্গীকারনামা।"</td></tr>
<tr><td>১২.</td><td>ফরম ১৮</td><td>সংশোধন</td><td>বিধিমালার বিধি ২২(১) মোতাবেক হিসাবরক্ষণের নিমিত্তে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক চলতি হিসাব সংক্রান্ত ফরম "মূসক-১৮" সংরক্ষণের বিধান আছে এবং উক্ত ফরমে বিভিন্ন কারণে বিভিন্ন কর সমন্বয়ের প্রয়োজন হয়। সে লক্ষ্যে ফরম ১৮ এর টেবিল নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হয়েছে, যথা-<table><tr><th>ক্রমিক সংখ্যা</th><th>তারিখ</th><th>লেনদেনের বর্ণনা</th><th colspan="2">ক্রয় বা বিক্রয় হিসাব পুস্তকের</th><th>ট্রেজারি জমা</th><th>রেয়াত</th><th>অন্যান্য সমন্বয় (যদি থাকে)</th><th>প্রদেয়</th><th>সমাপনী জের</th><th>মন্তব্য</th></tr><tr><td>(১)</td><td>(২)</td><td>(৩)</td><td>(৪)</td><td>(৫)</td><td>(৬)</td><td>(৭)</td><td>(৮)</td><td>(৯)</td><td>(১০)</td><td>(১১)</td></tr><tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr></table></td></tr>
</table>

০৪। **প্রজ্ঞাপন এস, আর, ও এর মাধ্যমে জারীকৃত ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহঃ**

(১) (ক) নিম্নবর্ণিত পণ্যসমূহকে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছে ঃ

| শিরোনামা সংখ্যা/এইচ এস কোড | পণ্যের নাম | যে পর্যায়ে অব্যাহতি প্রদান করা হয়েছে |
|---|---|---|
| ৩০০৪.৯০.৯১ | কিডনী ডায়ালাইসিস সলিউশন | উৎপাদন পর্যায়ে |
| এস০৯৯.৪০ | মেডিটেশন সেবা | সেবা পর্যায়ে |
| এস০৩৭.০০ | জিলেটিন ক্যাপসুল উৎপাদনের জন্য গরু ও মহিষের হাড় সরবরাহকারী | সেবা পর্যায়ে (যোগানদার) |
| ৩০.০৪ (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | সকল প্রকার জন্ম নিরোধক সামগ্রী | ব্যবসায় পর্যায়ে |

(খ) নিম্নবর্ণিত পণ্যের উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রত্যাহার করা হয়েছে ঃ

| শিরোনামা সংখ্যা/এইচ এস কোড | পণ্যের নাম | পর্যায় |
|---|---|---|
| ৪১.০৪ হতে ৪১.০৭ | ক্রাসড চামড়া | আমদানি ও |

| | | |
|---|---|---|
| (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | | উৎপাদন পর্যায়ে |
| ১৯.০৫ (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | হাতে তৈরী বিস্কুট ও হাতে তৈরী কেক (পার্টিকেক ব্যতীত) | উৎপাদন পর্যায়ে |
| ৮৯.০১ হতে ৮৯.০৭ (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | সমুদ্রগামী জাহাজ (ধারণ ক্ষমতা ৫০০০ DWT এর উর্ধ্বে) | আমদানি ও উৎপাদন পর্যায়ে |

উল্লিখিত পরিবর্তনসমূহ অন্তর্ভুক্ত করে মূসক অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপন এসআরও নং-এস. আর. ও নং-১৬৭–আইন/২০১৩/৬৭১–মূসক, তারিখঃ ০৬.০৬.২০১৩ খ্রিঃ রহিতক্রমে প্রজ্ঞাপন এস. আর. ও নং-১০৬–আইন/২০১৪/৭০১–মূসক, তারিখঃ ০৫.০৬.২০১৪ খ্রিঃ জারি করা হয়েছে।

**(০২) নিম্নবর্ণিত সেবা খাতগুলোর পরিধি ও ব্যাখ্যা যৌক্তিকীকরণ করা হয়েছে ঃ**

সেবার পরিধি নির্ধারণের লক্ষ্যে ব্যাখ্যা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং- এস. আর. ও নং-১৬৮–আইন/২০১৩/৬৭২-মূসক, তারিখঃ ০৬.০৬.২০১৩ এর সংশোধনী প্রজ্ঞাপন এস. আর. ও নং-১০৭–আইন/২০১৩/৭০২-মূসক, তারিখঃ ০৫.০৬.২০১৪ জারি করা হয়েছে, যা নিম্নরূপ (ক) "স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী" এর সংজ্ঞা সংশোধন; (খ) "ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা" এর সংজ্ঞা দু'টি যুগোপযোগীকরণপূর্বক সেবার সংজ্ঞায় অন্তর্ভুক্তকরণ।

**(০৩) (ক) স্থানীয় পর্যায়ে নিম্নবর্ণিত পণ্যসমূহের সম্পূরক শুল্কের হার হ্রাস/বৃদ্ধি/আরোপ করা হয়েছেঃ**

| শিরোনামা সংখ্যা/এইচ এস কোড | পণ্যের বিবরণ | সম্পূরক শুল্কের বিদ্যমান হার | সম্পূরক শুল্কের পরিবর্তিত হার |
|---|---|---|---|
| ২৪.০৩ (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | জর্দা ও গুল | ৩০% | ৬০% |
| ৪৮.১৩ (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | সিগারেট পেপার | ০% | ২০% |
| ৮৫.৩৯ (সংশ্লিষ্ট এইচ.এস. কোড) | বৈদ্যুতিক ফিলামেন্ট বাল্ব | ১৫% | ০% |

প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৭১–আইন/২০১৩/৬৭৫–মূসক, তারিখঃ ০৬.০৬.২০১৩ এর রহিতপূর্বক প্রজ্ঞাপন এস, আর, ও নং-১০৯–আইন/২০১৪/৭০৪–মূসক, তারিখঃ ০৫.০৬.২০১৪ খ্রিঃ জারি করা হয়েছে।

**(খ) জনস্বাস্থ্য সংরক্ষণের স্বার্থে সিগারেট ও বিড়ি খাতে মূল্যস্তর ও সম্পূরক শুল্ক বৃদ্ধি করা হয়েছে। নিম্নের টেবিলে তা বর্ণিত -**

সিগারেটের প্রস্তাবিত মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হারঃ

| মূল্যস্তর | মূল্য স্তর (১০ শলাকার জন্য) | সম্পূরক শুল্ক |
|---|---|---|
| নিম্ন | ১৫.০০-১৬.৫০ | ৪৩% |
| মধ্যম | ৩২.৫০-৩৫.০০ | ৬০% |
| উচ্চ | ৫০.০০-৫৪.০০ | ৬১% |
| অতি উচ্চ | ৯০ ও তদূর্ধ্ব | ৬১% |

বিড়ির প্রস্তাবিত মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হারঃ

| পণ্যের বিবরণ | বিদ্যমান ট্যারিফ মূল্য ও একক | প্রস্তাবিত ট্যারিফ মূল্য (১০% বৃদ্ধি ধরে) | বিদ্যমান সম্পূরক শুল্ক হার | প্রস্তাবিত সম্পূরক শুল্ক হার |
|---|---|---|---|---|
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার বিযুক্ত) | টাকা ১.২৪ (৮ শলাকা প্রতি প্যাকেট) | টাকা ১.৩৭ (৮ শলাকা প্রতি প্যাকেট) | ২০ | ২৫ |
| | টাকা ১.৮৬ (১২ শলাকা প্রতি প্যাকেট) | টাকা ২.০৫ (১২ শলাকা প্রতি প্যাকেট) | ২০ | ২৫ |
| | টাকা ৩.৮৮ (২৫ শলাকা প্রতি প্যাকেট) | টাকা ৪.২৭ (২৫ শলাকা প্রতি প্যাকেট) | ২০ | ২৫ |
| যন্ত্রের সাহায্য ব্যতীত হাতে তৈরী বিড়ি (ফিল্টার সংযুক্ত) | টাকা ২.১১ (১০ শলাকা প্রতি প্যাকেট) | টাকা ২.৩২ (১০ শলাকা প্রতি প্যাকেট) | ২৫ | ৩০ |
| | টাকা ৪.২২ (২০ শলাকা প্রতি প্যাকেট) | টাকা ৪.৬৪ (২০ শলাকা প্রতি প্যাকেট) | ২৫ | ৩০ |

**(০৪) মূল্য সংযোজনের নির্ধারিত হারের ভিত্তিতে কর ধার্যকরণ সংক্রান্ত বিধিমালার প্রজ্ঞাপন নং-১৮২-আইন/২০১২/৬৪০/মূসক, তারিখ-০৭.০৬.১২ এ কতিপয় সংশোধনী সংযোজন করে সংশোধনী প্রজ্ঞাপন এসআরও নং-১০৮-আইন/২০১৪/৭০৩-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে ঃ**

- "রেস্তোঁরা" সেবার ক্ষেত্রে সাধারণ রেস্তোঁরার (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) বিপরীতে বর্তমানে সংকুচিত মূসক হার ৬% প্রযোজ্য আছে। অপরপক্ষে শীতাতপ নিয়ন্ত্রিত রেস্তোঁরার বিপরীতে ১৫% হারে মূসক প্রযোজ্য। মূসক হারের পার্থক্য কমানো ও রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে সাধারণ রেস্তোঁরার (শীতাতপ নিয়ন্ত্রিত নয়) বিপরীতে সংকুচিত মূসক হার ৬% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে;
- "মোটর গাড়ীর গ্যারেজ ও ওয়ার্কসপ" (S০০৩.১০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ৪.৫% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে;
- "ডকইয়ার্ড" (S০০৩.২০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ৪.৫% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে;
- "ভূমি উন্নয়ন সংস্থা" (S০১০.১০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ১.৫% এর পরিবর্তে ৩% ধার্য করা হয়েছে;

❖ "ভবন নির্মাণ সংস্থা" (S০১০.২০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ১.৫% এর পরিবর্তে ৩% ধার্য করা হয়েছে;

❖ "ফটো নির্মাতা" (S০১৯.০০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ৪.৫% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে;

❖ "স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী" (S০২৬.০০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ২% এর পরিবর্তে ৩% ধার্য করা হয়েছে;

❖ "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল বাস সার্ভিস" (S০৩৬.১০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ১০% এর পরিবর্তে প্রমিত হার ১৫% এ উন্নীত করা হয়েছে;

❖ "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল লঞ্চ সার্ভিস" (S০৩৬.২০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ১০% এর পরিবর্তে প্রমিত হার ১৫% এ উন্নীত করা হয়েছে;

❖ "শীতাতপ নিয়ন্ত্রিত বা তাপানুকূল রেলওয়ে সার্ভিস" (S০৩৬.৩০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ১০% এর পরিবর্তে প্রমিত হার ১৫% এ উন্নীত করা হয়েছে;

❖ "পরিবহন ঠিকাদার (পেট্রোলিয়ামজাত পণ্য পরিবহনে নিয়োজিত সেবা প্রদানকারী ব্যতীত)" (S০৪৮.০০) সেবার বিপরীতে সংকুচিত মূসক হার ৪.৫% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে;

❖ "ইমিগ্রেশন উপদেষ্টা" (S০৬৭.০০) সেবার বিপরীতে বিদ্যমান সংকুচিত মূসক হার ৪.৫% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে;

❖ "ইংলিশ মিডিয়াম স্কুল" (S০৬৯.০০) সেবার বিপরীতে বিদ্যমান সংকুচিত মূসক হার ৪.৫% এর পরিবর্তে ৭.৫% ধার্য করা হয়েছে; এবং

❖ "মেডিটেশন সেবা" (S০৯৯.৪০) সেবার বিপরীতে বর্তমানে সংকুচিত মূসক হার ৭.৫% প্রযোজ্য আছে। উক্ত সেবাটি মূসক অব্যাহতি সংক্রান্ত প্রজ্ঞাপনে অন্তর্ভুক্তির প্রস্তাব থাকায় এ প্রজ্ঞাপন হতে সেবার কোডটি বিলুপ্ত করা হয়েছে।

(০৫) আইনের ধারা ৯(১) এ রেয়াত গ্রহণের সময়সীমা পরবর্তী দুই কর মেয়াদ করা হলেও চা বাগান হইতে চা অপসারণ (বিশেষ) বিধিমালা, ১৯৯৯ এর বিধি-১৪(৩) এ সংশোধন করা হয়নি, যা (এসআরও নং-৯৪-আইন/৯৯/২০৯-মূসক তারিখ-০৩.০৫.৯৯) সংশোধন করে প্রজ্ঞাপন এসআরও নং-১১৫-আইন/২০১৪/৭১০-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(০৬) ইটভাটা থেকে যে পরিমাণ রাজস্ব পাওয়া যায় তার তুলনায় ব্যয়িত সময় ও শ্রমের পরিমাণ অনেক বেশি। ইটাভাটার মূসক ৩১ ডিসেম্বর হতে ৩১ মার্চ এর মধ্যে তিন কিস্তিতে পরিশোধের বিধান আছে। ইটভাটা খাতের রাজস্ব আদায় নিশ্চিত করণের লক্ষ্যে মৌসুমী ইটভাটা মূল্য সংযোজন কর বিধিমালা, ২০০৪ এর বিধি-৫(৪) এর পর ঘোষণা পত্রের সাথে প্রদেয় মূসক এর সমপরিমাণ মূল্যের নি:শর্ত ব্যাংক গ্যারান্টি গ্রহণের বিধান সংযোজন করে সংশ্লিষ্ট বিধিসমূহ সংশোধনপূর্বক একটি সংশোধনী এসআরও নং-১১৪-আইন/২০১৪/৭০৯-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(০৭) ১০০% রপ্তানিমুখী শিল্পপ্রতিষ্ঠান, প্রচ্ছন্ন রপ্তানীমুখী প্রতিষ্ঠান ও ইপিজেড এর প্রতিষ্ঠানসমূহের উৎপাদনের সাথে সংশ্লিষ্ট কতিপয় সেবার উপর প্রযোজ্য মূসক প্রজ্ঞাপনের মাধ্যমে অব্যাহতি দেয়া আছে। অন্যান্য সেবা ক্রয়ের ক্ষেত্রে উৎসে মূসক কর্তনের বাধ্যবাধকতা রয়েছে। শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের এ সকল সেবা সংগ্রহের ক্ষেত্রে পরিশোধিত মূসক প্রত্যর্পণ গ্রহণের পরিবর্তে প্রজ্ঞাপনের মাধ্যমে মূসক অব্যাহতি সুবিধা প্রদানের প্রস্তাব করায় (ক) যোগানদার, (খ) সিকিউরিটি সার্ভিস, (গ) পরিবহন ঠিকাদার ও (ঘ) বাংলাদেশের ভৌগোলিক সীমার বাইরে থেকে সেবা গ্রহণের ক্ষেত্রে পরিশোধযোগ্য সেবা মূল্য, এ চারটি খাতে প্রদেয় মূসকের ক্ষেত্রে ১০০% অব্যাহতি প্রদানপূর্বক বিদ্যমান প্রজ্ঞাপন ১৫৪-আইন/২০০৫/৪৪৫-মূসক তাং-০৯.০৬.০৫ সংশোধন করে সংশোধনী প্রজ্ঞাপন এসআরও নং-১১০-আইন/২০১৪/৭০৫-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(০৮) এস,আর,ও নং-১৯০-আইন/২০১২/৬৪৮-মূসক, তারিখঃ ৭/০৬/২০১২খ্রিঃ এর মাধ্যমে বাণিজ্যিক আমদানিকারকসহ কতিপয় ক্ষেত্রে দাখিলপত্র পেশ করার মেয়াদ তিন মাস করা হয়েছিল। মূসক ব্যবস্থায় সকল ক্ষেত্রে কর মেয়াদ এক মাস বিধায় উক্ত প্রজ্ঞাপনটি এসআরও নং-১১২-আইন/২০১৪/৭০৭-মূসক, তারিখ-০৫.০৬.১৪ এর মাধ্যমে বাতিল করা হয়েছে।

(০৯) সয়াবিন তেল, পাম তেল, সূর্যমুখী তেলের আমদানিস্তরে মূসকের বিদ্যমান রেয়াতী হার (১০%) সংক্রান্ত প্রজ্ঞাপনের মেয়াদ ৩০ জুন ২০১৪ পর্যন্ত বলবৎ আছে। ভোজ্য তেলের মূল্য স্থিতিশীল রাখার স্বার্থে বর্ণিত পণ্যে বিদ্যমান রেয়াতী সুবিধা বহাল রাখার লক্ষ্যে উক্ত সুবিধা ৩০ জুন ২০১৫ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। এছাড়া, ক্যানোলা অয়েল, রেপসীড অয়েল, কোলজা অয়েল এর আমদানির ক্ষেত্রে ১৫% মূসক প্রযোজ্য আছে বিধায় সমতা আনয়নের লক্ষ্যে সয়াবিন ও পাম তেলের ন্যায় অন্যান্য ভোজ্য তেল যেমন: ক্যানোলা অয়েল, রেপসীড অয়েল, কোলজা অয়েল ইত্যাদির আমদানিস্তরে মূসকের ১০% রেয়াতী হার কার্যকর করা হয়েছে এবং সে লক্ষ্যে উপরোক্ত এসআরও নং--১৯১-আইন/২০১২/৬৪৯-মূসক, তারিখ-০৭.০৬.১২ সংশোধন করে সংশোধনী এসআরও নং-১১৩-আইন/২০১৪/৭০৮-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(১০) ১. ব্যবসায়ী পর্যায়ের মূসক ও অগ্রিম মূসক (ATV) আদায় সংক্রান্ত প্রজ্ঞাপন নং-২৪২-আইন/২০১২/৬৫৯/মূসক, তারিখ-২৮.০৬.১২ এর নিম্নোক্ত সংশোধনপূর্বক সংশোধনী প্রজ্ঞাপন এসআরও নং-১১৬-আইন/২০১৪/৭১১-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(ক) পণ্যবাহী কার্গো বিমানের অন্য কোন পর্যায়ে কর না থাকায় এটিভি অব্যাহতি তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে; এবং

(খ) উৎপাদনকারী, রপ্তানিকারক ও শিল্প প্রতিষ্ঠানের যন্ত্রপাতি বা যন্ত্রাংশ

আমদানির ক্ষেত্রে অগ্রিম মূসক (ATV) অব্যাহতির সুবিধা প্রাপ্তির জন্য মূসক-৭ এর বিকল্প হিসেবে বিনিয়োগ বোর্ডের নিবন্ধনপত্রের তালিকায় উল্লিখিত যন্ত্রপাতি বা যন্ত্রাংশের নাম উল্লেখ থাকার বিধান সংযোজন করা হয়েছে।

২. প্রজ্ঞাপন নং-২৪২-আইন/২০১২/৬৫৯/মূসক, তারিখ-২৮.০৬.১২ এর মাঠ পর্যায়ে বহুল ব্যবহার থাকায় এবং বার বার সংশোধনী প্রজ্ঞাপন জারী করায় মাঠ পর্যায়ে অস্পষ্টতা দূরীকরণ ও ব্যবহারের সুবিধার্থে সমূদয় সংশোধনী সমন্বয় করে **সংলাগ-ক** তে সংযোজন করা হলো।

(১১) বড় পুকুরিয়া কয়লার ক্ষেত্রে ব্যবসায়ী পর্যায়ে মূসক অব্যাহতি সংক্রান্ত এসআরও নং-১৪-আইন/২০১১/৫৮১-মূসক তারিখ-১৬.০১.২০১১ এর কার্যকারিতা ১৫.০১.২০১৪ পর্যন্ত বলবৎ আছে। প্রজ্ঞাপনের মেয়াদ বৃদ্ধির জন্য বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সুপারিশ বিবেচনাপূর্বক বর্ণিত প্রজ্ঞাপনের মেয়াদ ১৫.০১.২০১৫ পর্যন্ত বৃদ্ধি করে নতুন প্রজ্ঞাপন এসআরও নং-১১১-আইন/২০১৪/৭০৬-মূসক, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

## ০৫। <u>সাধারণ আদেশের মাধ্যমে জারীকৃত ২০১৪-২০১৫ অর্থবছরের বাজেটে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক সংক্রান্ত গৃহীত উল্লেখযোগ্য সিদ্ধান্তসমূহঃ</u>

(০১) ট্যারিফ মূল্য সংক্রান্ত বিদ্যমান আদেশ (আদেশ নং-২৩/মূসক/২০১৩ তারিখ-০৬.০৬.১৩ জারী করা হয়েছে। এতে ০৭.০৬.১২ খ্রিষ্টাব্দ ও বাজেট পরবর্তী সংশোধনীসহ) বাতিল করে একটি নতুন আদেশ নং-০২/মূসক/২০১৪ তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে। নতুন ট্যারিফ মূল্যের আদেশের উল্লেখযোগ্য পরিবর্তনসমূহ নিম্নরূপঃ

(১) রেপসীডস অয়েল, কোলজাসীডস অয়েল এবং ক্যানোলা অয়েল এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ট্যারিফ মূল্য বা মূসক অব্যাহতি নেই। কিন্তু দেশীয় উৎপাদক প্রতিষ্ঠানগুলো এই তেলগুলো সরিষার তেলের একই গোত্রভুক্ত বিবেচনা করে অব্যাহতি প্রাপ্ত মর্মে দাবী করছে। কিন্তু Customs Explanatory Notes পর্যালোচনায় দেখা যায় আলোচ্য তেলগুলো সরিষার তেলের সমগোত্রীয় বা অভিন্ন পণ্য নয়। আইনি জটিলতা নিরসণকল্পে সয়াবিন ও পাম তেলের সাথে সংগতিপূর্ণ করে ৬৬৬৭ টাকা/টন ট্যারিফ মূল্য ধার্যপূর্বক প্রতি কেজি ১ টাকা মূসক আদায়ের ব্যবস্থা করা হয়েছে।

(২) স্ক্র্যাপ/শিপ স্ক্র্যাপের ট্যারিফ মূল্য ১৫০০ টাকা/প্রতি মেঃ টন এর পরিবর্তে ২০০০ টাকা/প্রতি মেঃ টন নির্ধারণ করা হয়েছে।

(৩) এইচ আর কয়েল থেকে সি আর কয়েলের ট্যারিফ মূল্য ৭,৫০০ টাকা/প্রতি মেঃ টন এর পরিবর্তে ৮,২৫০ টাকা/প্রতি মেঃ টন নির্ধারণ করা হয়েছে এবং এতদসংক্রান্ত পূর্বের আদেশ ২টি বালি তরা হয়েছে।

(৪) সি আর কয়েল থেকে জিপি শীট, সি আর কয়েল থেকে সিআই শীট, এইচ আর কয়েল থেকে জিপি শীট, এইচ আর কয়েল থেকে সিআই শীট ট্যারিফ মূল্য ১০% মূল্য বৃদ্ধি করা হয়েছে।
(৫) এম এস প্রোডাক্ট এর সকল পণ্যের ট্যারিফ মূল্য ১০% বৃদ্ধি করা হয়েছে।
(৬) জি আই ওয়্যার এর সকল পণ্যের ট্যারিফ মূল্য ১০% বৃদ্ধি করা হয়েছে।
(৭) তারকাটা ও টোপ তারকাটার উপর ট্যারিফ মূল্য ২০% বৃদ্ধি করা হয়েছে।
(৮) নাট, বোল্ট, স্ক্রু, জয়েন্ট (কানেক্টর), ইলেক্ট্রিক লাইন হার্ডওয়্যার ও পোল ফিটিংস এর ট্যারিফ মূল্য ১০% বৃদ্ধি করা হয়েছে।
(৯) সিম কার্ড সরবরাহকারী সেবার বিপরীতে সিম কার্ড প্রতিস্থাপনের ক্ষেত্রে ১০০/- টাকা শুল্ক কর আদায়ের লক্ষ্যে ট্যারিফ মূল্য ১৮১/- টাকা নির্ধারণ করা হয়েছে।

(০২) বিভিন্ন সেবার ক্ষেত্রে উৎসে মূসক কর্তন সংক্রান্ত সাধারণ আদেশ-২৫/মূসক/২০১৩, তারিখঃ ০৬ জুন, ২০১৩ এর কতিপয় ক্ষেত্রে অধিকতর স্পষ্টীকরণের প্রয়োজন এবং কতিপয় সেবার সংকুচিত ভিত্তিমূল্য পরিবর্তন হওয়ায় বিদ্যমান আদেশটি রহিত করে নতুন সাধারণ আদেশ নং-০৩/মূসক/২০১৪, তারিখঃ ০৫.০৬.২০১৪ জারী করা হয়েছে।

(০৩) সিগারেট ও বিড়ির মূল্যস্তর ও সম্পূরক শুল্ক পুনর্বিন্যাসের ফলে স্ট্যাম্প ও ব্যান্ডরোলের ব্যবহার ও কর আহরণ পদ্ধতি সম্পর্কে দিক-নির্দেশনামূলক সাধারণ আদেশ নং-০৪/মূসক/২০১৪, তারিখ-০৫.০৬.১৪ এবং সাধারণ আদেশ নং-০৫/মূসক/২০১৪, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(০৪) নিবন্ধিত পণ্যাগারে পণ্য সংরক্ষণ সংক্রান্ত সাধারণ আদেশ নং ২৮/মূসক/২০১৩, তারিখ ঃ ০৬.০৬.২০১৩ তে পণ্যাগারে বাণিজ্যিক আমদানিকারকদের সংরক্ষিত পণ্যের রেয়াত গ্রহণের বিষয়টি স্পষ্ট নয়। তাছাড়াও আদেশের অনুচ্ছেদ ৪(ক) তে উল্লিখিত পদ্ধতি আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ করতে সামগ্রিক বিষয়টি অধিকতর স্পষ্টীকরণপূর্বক উক্ত সাধারণ আদেশের একটি সংশোধনী সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৪, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(০৫) ক্ষৌরকর্মের অব্যাহতি সংক্রান্ত সাধারণ আদেশ নং-১১/মূসক/২০০০, তাং-১১.১০.২০০০ রহিত করে শুধু শীতাতপ নিয়ন্ত্রিত সেলুনকে মূসকের আওতায় আনা হয়েছে এবং সাধারণ আদেশ নং-০৭-মূসক/২০১৪, তারিখ-০৫.০৬.১৪ জারী করা হয়েছে।

(০৬) বাড়ীভাড়ার মূসক আদায় সংক্রান্ত অস্পষ্টতা দূরীকরণ করে একটি ব্যাখ্যাপত্র নং-০১/১৪, তারিখ-০৫.০৬.২০১৪ জারী করা হয়েছে।

(০৭) নিম্নোক্ত আদেশসমূহের কার্যকারিতা না থাকায় তা সাধারণ আদেশ নং-০৮/মূসক/২০১৪, তারিখ-০৫.০৬.১৪ এর মাধ্যমে বাতিল করা হয়েছেঃ

(ক) ব্যবসায়ী পর্যায়ে মূসক পরিশোধের হার, রেয়াত গ্রহণ, মূল্য ঘোষণা প্রদান সংক্রান্ত "ব্যাখ্যাপত্র নং ০৩/মূসক/২০১০ তাং ৩০-০৬-২০১০" এখনো বহাল আছে। অপরদিকে, এতদ্‌সংক্রান্ত বিধিমালা ইতোমধ্যে জারি করা হয়েছে, যা মাঠ পর্যায়ে বিভ্রান্তির সৃষ্টি করছে। বিধায় ব্যাখ্যাপত্রটি (০৩/মূসক/২০১০ তাং ৩০-০৬-২০১০) বাতিল করা হয়েছে।

(খ) উৎপাদন বা প্রস্তুতকরণ পর্যায়ে মূলধনী যন্ত্রপাতি চিহ্নিতকরণ সংক্রান্ত বিষয়াদি মূসক বিধি ২০ক এর মাধ্যমে নিস্পত্তি হওয়ার বিধান প্রবর্তিত হওয়ায় বিদ্যমান সাধারণ আদেশ ৭/মূসক/২০০৬ তাং-০৮.০৬.০৬ এর বর্তমানে কোন কার্যকারিতা নেই। তাই আদেশটি বাতিল করা হয়েছে।

(গ) ইটভাটা থেকে রাজস্ব আদায়ের জন্য ২০০১ সালে মৌসুমী ইটভাটা বিধিমালা জারী করা হয়েছিল। উক্ত বিধিমালায় হাফ-সেকশনের (অর্ধেক সেকশনের) বিধান ছিল, যা পরবর্তীতে রহিত করা হয়। কিন্তু, এ সংশ্লিষ্ট জাতীয় রাজস্ব বোর্ডের পরিপত্র নং-০১/মূসক/২০০৫, তারিখঃ ১১/০১/২০০৫ খ্রিঃ এখনও বহাল রয়েছে, যা বাতিল করা হয়েছে।

(ঘ) বাজেট প্রস্তাবনায় প্রতিস্থাপিত সীমের ক্ষেত্রে মূসক আরোপিত হওয়ায় সীমকার্ড হারিয়ে যাওয়া, নষ্ট হওয়া, চুরি হওয়ার ক্ষেত্রে শুল্ক কর আরোপিত না হওয়া সম্পর্কিত ব্যাখ্যাপত্র নং-০৭/মূসক/২০০৫ তারিখ-১৩/০৬/২০০৫, বাতিল করা হয়েছে।

০৬। মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় এর বাজেট বক্তৃতা, অর্থ বিল, ২০১৪ এবং বর্ণিত নতুন প্রজ্ঞাপন ও আদেশ/ব্যাখ্যাপত্রসমূহ এ নির্দেশনার সাথে প্রেরণ করা হলো। অর্থ বিল, ২০১৪ এ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর সম্পর্কিত অংশ, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর সংশোধনী এবং বাজেট সম্পর্কিত উপরি-উক্ত প্রজ্ঞাপন ও আদেশ/ব্যাখ্যাপত্রসমূহের আলোকে যথাযথ সরকারী রাজস্ব আহরণের স্বার্থে অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে এ সকল বিষয়ে কোন প্রকার ভুল ভ্রান্তি, অসংগতি বা বিশ্লেষণের প্রয়োজন অনুভূত হলে তা জরুরি ভিত্তিতে আগামী ১৫ জুন, ২০১৪ তারিখের মধ্যে বোর্ডের নজরে আনার জন্য অনুরোধ করা হলো। বাজেটে গৃহীত কার্যক্রমসমূহ অবিলম্বে কার্যকর হবে।

০৭। এই নির্দেশনার কোন অসংগতির ক্ষেত্রে জারীকৃত অর্থবিল, বিধিমালা, প্রজ্ঞাপন ও আদেশসমূহ অনুসরণীয় হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

[ মোঃ শওকাত হোসেন ]
প্রথম সচিব (মূসক-নীতি)
ফোনঃ ৯৩৩০৬৬২।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।

২-১৩। কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক কমিশনারেট, ঢাকা(দক্ষিণ)/ঢাকা(উত্তর)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/ বৃহৎ করদাতা ইউনিট, মূসক, ঢাকা।

১৩-১৪। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর মূসক, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।

১৫। মহাপরিচালক, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, পাহাড়তলী, চট্টগ্রাম।

১৬-১৯। কমিশনার, শুল্ক, আবগারী ও মূসক (আপীল), চট্টগ্রাম/ঢাকা-১/ঢাকা-২/খুলনা।

নথি নং-০৮.০১.০০০০.০৬৮.১৬.০২০.১৪/২৮০ তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বাং/০৫ জুন, ২০১৪ খ্রিঃ

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

২-৬। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা/বেনাপোল/আই সি ডি, কমলাপুর, ঢাকা/পাঁনগাঁও, মুন্সিগঞ্জ।

৭-৮। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

৯। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

[হাছান মুহম্মদ তারেক রিকাবদার]
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
E-mail: tarek020178@yahoo.com

<u>সংলাগ-ক</u>

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

<u>প্রজ্ঞাপন</u>

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং–২৪২–আইন/২০১২/৬৫৯–মূসক।**–মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (২) এর শর্তাংশ, ধারা ৬ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩১ এর উপ-ধারা (১) এর শর্তাংশ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ এর প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৫–আইন/২০১২/৬৪৩–মূসক এর মাধ্যমে জারিকৃত বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ রহিতক্রমে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। **শিরোনাম ও প্রবর্তন।**– (১) এই বিধিমালা বাণিজ্যিক আমদানিকারক, ব্যবসায়ী ও ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী কর্তৃক পণ্য সরবরাহের উপর আরোপনীয় মূল্য সংযোজন কর আদায় বিধিমালা, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) **"আইন"** অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) **"মূসক"** অর্থ মূল্য সংযোজন কর;

(গ) **"মূসক বিধিমালা"** অর্থ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১;

(ঘ) **"বাণিজ্যিক আমদানিকারক"** অর্থ আইনের ধারা ২ এর (থথ) এ সংজ্ঞায়িত বাণিজ্যিক আমদানিকারক;

(ঙ) **"ব্যবসায়ী"** অর্থ আইনের ধারা ২ এর (থথথথ) এ সংজ্ঞায়িত ব্যবসায়ী।

৩। **প্রযোজ্যতা।**– এই বিধিমালা বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত ও ব্যবসায়ী কর্তৃক সংগৃহীত পণ্যের পরবর্তী সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর আদায়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

৪। **মূসক নিরূপণ।**– বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত অথবা বাণিজ্যিক আমদানিকারক ব্যতীত অন্যান্য ব্যবসায়ী কর্তৃক সংগৃহীত পণ্যের পরবর্তী সরবরাহের ওপর আরোপনীয় মূসক নিম্নবর্ণিত হারে নিরূপিত হইবে, যথাঃ-

(ক) বাণিজ্যিক আমদানিকারকের ক্ষেত্রে পণ্য আমদানির সময় শুল্ক স্টেশনে দাখিলকৃত বিল অব এন্ট্রিতে শুল্ক কর্মকর্তা কর্তৃক পণ্যের অনুমোদিত শুল্কায়নযোগ্য মূল্যের সহিত আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক, অন্যান্য শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ও অগ্রিম আয়কর ব্যতিত) যদি থাকে, গণনা করিয়া উহার সহিত ২৬.৬৭ শতাংশ মূল্য সংযোজনপূর্বক সর্বমোট মূল্যের উপর ৪ শতাংশ হারে মূসক অগ্রিম আদায় করিতে হইবে;

[[১](খ) আমদানিস্তরে মূসক বা অগ্রিম মূসক বা উভয়ই পরিশোধ করিবার পর আমদানি ষ্টেশন হইতে সংশ্লিষ্ট বিল অব এন্ট্রিতে প্রদর্শিত ঠিকানা বা ব্যবসাস্থল সংশ্লিষ্ট পণ্য আনয়নের পূর্বে বা পরে পরবর্তী প্রথম বিক্রয় বা সরবরাহের সময় (নিজস্ব মালিকানাধীন কিন্তু আলাদাভাবে নিবন্ধিত অন্য কোন ব্যবসাস্থল বা পণ্যাগারে স্থানান্তরসহ) আমদানি পর্যায়ে ২৬.৬৭ শতাংশ হারে নির্ধারিত মূল্য সংযোজন ও তাহার ভিত্তিতে ৪ শতাংশ হারে পরিশোধিত অগ্রিম মূসককে চূড়ান্ত বিবেচনা করিলে উক্ত আমদানি পর্যায়ে পরিশোধিত ১৫ শতাংশ মূসক (যদি প্রযোজ্য হয়) সহ ৪ শতাংশ অগ্রিম মূসক আনুপাতিকহারে প্রদর্শন, সংশ্লিষ্ট আমদানি বিল অব এন্ট্রির নম্বর, তারিখ ও শুল্ক ষ্টেশনের নাম উল্লেখ করিয়া মূসক বিধিমালার 'মূসক-১১' চালানপত্র ইস্যু করা যাইবে।

(খখ) উপ-দফা (খ) এ উল্লিখিত ক্ষেত্র ব্যতীত বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত বা অন্যান্য যে কোন ব্যবসায়ী কর্তৃক ক্রীত বা সংগৃহীত পণ্য পরবর্তী সরবরাহ বা বিক্রয়ের সময় আইনের ধারা ৮ এর বিধান সাপেক্ষে, বিধি ৫(২) হইতে বিধি ৫(১১) এর বিধান, অথবা বিধি ৫(১২) এর বিধান অনুযায়ী (যাহার ক্ষেত্রে যাহা প্রযোজ্য) ব্যবসায়ী পর্যায়ের মূসক প্রদেয় হইবে; এবং]

(গ) [২][সুপারশপ,] ঔষধ ও পেট্রোলিয়াম জাতীয় পণ্যের ব্যবসায়ী পর্যায়ে সরবরাহের সময় মূল্য সংযোজনের হার ১৩.৩৩ শতাংশ হিসাবে গণনা করিয়া তাহার উপর ১৫% অর্থাৎ সরবরাহ মূল্যের উপর ২ শতাংশ মূসক প্রদেয় হইবে।

[২][ব্যাখ্যা।- 'সুপারশপ' অর্থ শীতাতপ নিয়ন্ত্রিত হউক বা না হউক, একই অঙ্গনে সাকুল্যে ১২,০০০ (বার হাজার) বর্গফুট আয়তনের অধিক নহে, এইরূপ কোন স্বতন্ত্র ও পরিপূর্ণ দোকান, যেখানে আধুনিক বিজ্ঞানসম্মত প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্যসম্মত, জীবানুমুক্ত ও প্রিজারভেটিভ বিহীন মাছ-মাংস, চাল-ডাল, শাক-সবজি, ফল-মূলসহ দৈনন্দিন ব্যবহার্য গৃহস্থালি ও মনোহারী পণ্য বিক্রয় করা হইয়া থাকে এবং যেখানে হিসাব সংরক্ষণ ও মূসক-১১ চালান ইস্যু করিবার জন্য আইন ও বিধি দ্বারা নির্ধারিত Electronic Cash Register (ECR) বা Point of Sale (POS) software অথবা উভয়ই ব্যবহার করা হইয়া থাকে এইরূপ দোকান।']।

[[৩](ঘ) [বিলুপ্ত]

[১] এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক, তাং ২২ নভেম্বর ২০১২ খ্রি.এর মাধ্যমে দফা (খ) ও (খখ) প্রতিস্থাপন।
[২] এস.আর.ও নং ১৮-আইন/২০১৪/৬৯৫-মূসক, তাং ২৭ জানুয়ারী ২০১৪ খ্রি.এর মাধ্যমে শব্দ ও কমা সন্নিবেশ।

৫। **মূসক আদায়, হিসাব রক্ষণ, ইত্যাদি।**— (১) বাণিজ্যিক আমদানিকারকের ক্ষেত্রে আমদানিকৃত পণ্যের পরবর্তী সরবরাহের উপর প্রদেয় মূল্য সংযোজন কর আমদানি শুল্ক স্টেশনে আমদানিকৃত পণ্য চালানে বিল অব এন্ট্রি শুল্কায়ন সমাপ্ত হওয়ার পর চালান খালাসের অনুমোদন প্রদানের পূর্বে উৎসে আদায় করিতে হইবে।

[[৪](২) বিধি ৪(খ) এর বিধান সাপেক্ষে বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানিকৃত পণ্যের বিপরীতে অগ্রীম মূসক পরিশোধ করিবার পর পরবর্তী বিক্রয় বা সরবরাহের সময় প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূল্য সংযোজন কর প্রদানের ক্ষেত্রে আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) অনুযায়ী মূল্য নির্ধারিত হইবে।]

(৩) বাণিজ্যিক আমদানিকারক ব্যতিত অন্যান্য সকল ব্যবসায়ীর ক্ষেত্রে ব্যবসায়ী কর্তৃক প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে বিক্রয়ের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্যের জন্য আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) অনুসারে মূল্য নির্ধারিত হইবে।

[[৫](৪) উপ-বিধি (২) ও (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে বাণিজ্যিক আমদানিকারক এবং অন্যান্য ব্যবসায়ীকে মূসক বিধিমালার বিধি ৩ এর বিধান অনুযায়ী ফরম 'মূসক-১খ' তে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট প্রকৃত বাজারমূল্য ঘোষণা করিতে হইবে এবং তাহা সম্ভব না হইলে আইনের ধারা ৫(২) এর বিধানের সহিত সঙ্গতিপূর্ণ ও সংশ্লিষ্ট পণ্যের বাজার মূল্যের গতি প্রকৃতি অনুযায়ী নির্দেশক হিসাবে সম্ভাব্য বাজার মূল্য ঘোষণা করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন ঘোষিত মূল্য অথবা সংশ্লিষ্ট পণ্যের প্রকৃত বাজার বা বিক্রয় মূল্য ঘোষিত মূল্যের চেয়ে বেশী হইলে সেই মূল্যের ভিত্তিতে আইনের ধারা ৩ অনুযায়ী মূসক পরিশোধ সাপেক্ষে পণ্য সরবরাহ করিতে হইবে।]

(৬) উপ-বিধি (৪) এর অধীন ঘোষিত উক্ত মূল্য ভিত্তি আইনের ধারা ৫ এর সহিত সংগতিপূর্ণ না হইলে উক্ত আইনের ধারা ৩৭ ও ধারা ৫৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৭) বাণিজ্যিক আমদানিকারক এবং অন্যান্য ব্যবসায়ী কর্তৃক মূসক বিধিমালার বিধি ১৬ অনুযায়ী ফরম 'মূসক-১১' অথবা 'মূসক-১১ক' এ চালানপত্র প্রদান করিয়া পণ্য সরবরাহ করিতে হইবে।

(৮) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক আমদানি পর্যায়ে পরিশোধিত সমুদয় মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর, আইনের ধারা ৯ এর বিধান সাপেক্ষে, প্রদেয় মূসক এর বিপরীতে চলতি হিসাবে অথবা দাখিলপত্রে সমন্বয়ের মাধ্যমে রেয়াত গ্রহণ করা যাইবে।

---

[৩] এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক, তাং ২২ নভেম্বর ২০১২ খ্রি.এর মাধ্যমে দফা (ঘ) বিলুপ্তকরণ।

[৪] এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক, তাং ২২ নভেম্বর ২০১২ খ্রি. এর মাধ্যমে উপ-বিধি (২) প্রতিস্থাপন।

[৫] এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক, তাং ২২ নভেম্বর ২০১২ খ্রি. এর মাধ্যমে উপ-বিধি (৪) ও (৫) প্রতিস্থাপন।

(৯) ব্যবসায়ী কর্তৃক প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর পরিশোধের ক্ষেত্রে তৎকর্তৃক ক্রয়কৃত উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করা যাইবে, যাহা ব্যবসায়ী কর্তৃক প্রদেয় মূসক এর বিপরীতে চলতি হিসাব বা দাখিলপত্রে সমন্বয়যোগ্য হইবে।

(১০) উপকরণ কর রেয়াত গ্রহণ ও প্রকৃত হারে মূসক পরিশোধ করিবার লক্ষ্যে বাণিজ্যিক আমদানিকারক এবং অন্যান্য ব্যবসায়ীকে মূসক বিধিমালার বিধি ২২ অনুযায়ী হিসাব সংরক্ষণ করিতে হইবে, তবে ক্রয় হিসাব পুস্তক 'ফরম মূসক-১৬' ও বিক্রয় হিসাব পুস্তক 'ফরম মূসক-১৭' এর পরিবর্তে 'ফরম-ক' অনুযায়ী সমন্বিত ক্রয় ও বিক্রয় হিসাব পুস্তক সংরক্ষণ করা যাইবে।

(১১) যে কর মেয়াদে আমদানি পর্যায়ে অগ্রিম মূল্য সংযোজন কর আদায় করা হইয়াছে সেই কর মেয়াদে বা উহার অব্যবহিত পরবর্তী কর মেয়াদে রেয়াত গ্রহণ করা যাইবে।

[[৬](১২) প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর পরিশোধকারী বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী ব্যতীত অন্যান্য বাণিজ্যিক আমদানিকারক ও ব্যবসায়ী কর্তৃক আমদানিকৃত বা অন্যভাবে সংগৃহীত পণ্যের ক্ষেত্রে ২৬.৬৭ শতাংশ হারে মূল্য সংযোজন হিসাব করিয়া তাহার উপর ১৫ শতাংশ অর্থাৎ সরবরাহ মূল্যের উপর ৪ শতাংশ হারে মূসক প্রদান করিতে হইবে, তবে সেই ক্ষেত্রে কোন রেয়াত গ্রহণ করা যাইবে না।]

(১৩) বাণিজ্যিক আমদানিকারক এবং অন্যান্য ব্যবসায়ী কর্তৃক প্রতি কর মেয়াদে নিরূপিত মূল্য সংযোজন কর পরবর্তী মাসের পনের তারিখের মধ্যে ট্রেজারী চালানের মাধ্যমে "১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেটের কোড/০৩১১" কোডে সরকারী কোষাগারে জমা প্রদান করিবেন এবং ট্রেজারী চালানের মূল কপিসহ প্রতি কর মেয়াদের দাখিলপত্র সংশ্লিষ্ট এলাকার স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে উক্ত একই তারিখের মধ্যে দাখিল করিবেন।

(১৪) সরববরাহ পর্যায়ে প্রদেয় মূল্য সংযোজন কর অপেক্ষা গৃহীত রেয়াতের পরিমাণ বেশী হইলে তিনি আইনের ধারা ৬৭ ও মূসক বিধিমালার বিধি ৩৪ক ও বিধি ৩৪খ অনুসরণপূর্বক অতিরিক্ত পরিশোধিত কর ফেরত দাবী করিতে পারিবেন।

[[৭]০৬। **ক্ষুদ্র খুচরা ব্যবসায়ীর মূসক পরিশোধ পদ্ধতি।**— (১) এই বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, স্বেচ্ছায় নিবন্ধিত ক্ষুদ্র খুচরা ব্যবসায়ী বা দোকানের ক্ষেত্রে, নিম্নোক্ত টেবিলে বিধৃতরূপে সর্বনিম্ন বার্ষিক মূল্য সংযোজন কর প্রদেয় হইবে, যথা:-

[[৮]টেবিল

| ক্রমিক নং | যে সকল এলাকার জন্য প্রযোজ্য | সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ | মূল্য সংযোজন করের হার | প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা | ৭৩,৩৩৪/- টাকা | ১৫% | ১১,০০০/- টাকা |

[৬] এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক, তাং ২২ নভেম্বর ২০১২ খ্রি. এর মাধ্যমে উপ-বিধি (১২) প্রতিস্থাপন।

[৭] এস.আর.ও নং ১৭৩-আইন/২০১৩/৬৭৭-মূসক, তাং ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রতিস্থাপন।

[৮] এস.আর.ও নং ২৩৩-আইন/২০১৩/৬৮৯-মূসক, তাং ০২ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রতিস্থাপন।

| ক্রমিক নং | যে সকল এলাকার জন্য প্রযোজ্য | সর্বোচ্চ বার্ষিক মূল্য সংযোজনের পরিমাণ | মূল্য সংযোজন করের হার | প্রদেয় ন্যূনতম মূল্য সংযোজন করের পরিমাণ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২. | অন্যান্য সিটি কর্পোরেশন এলাকা | ৫৩,৩৩৪/- টাকা | ১৫% | ৮,০০০/-টাকা |
| ৩. | জেলা শহরের পৌর এলাকা | ৪০,০০০/- টাকা | ১৫% | ৬,০০০/-টাকা |
| ৪. | দেশের অন্যান্য এলাকা | ২০,০০০/- টাকা | ১৫% | ৩,০০০/- টাকা |

(২) উপ-বিধি (১) এর অধীন প্রদেয় মূল্য সংযোজন কর বার্ষিক এককালীন বা মাসিক কিস্তিতে পরিশোধ করা যাইবে।

(৩) এই বিধির অধীন মূল্য সংযোজন কর পরিশোধের ক্ষেত্রে, ক্ষুদ্র খুচরা ব্যবসায়ীগণকে পণ্য ক্রয়ের দলিলাদি, ক্যাশ মেমো ও বিক্রয় পুস্তক সংরক্ষণ করিতে ইহবে।

(৪) বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা, সহকারী রাজস্ব কর্মকর্তা ও ব্যবসায়ী নেতৃবন্দের সহায়তায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত আদেশে বর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক এইরূপ ক্ষুদ্র ব্যবসায়ীদের তালিকা তৈরী করিবেন।

৭। **অগ্রিম মূসক আদায়যোগ্য নয় এইরূপ পণ্য।**– নিম্নবর্ণিত ক্ষেত্রে অগ্রিম মূসক আদায়যোগ্য হইবে না, যথাঃ-

[[৮](ক) মূসক বিধিমালার বিধৃত ফরম 'মূসক-১' বা 'মূসক-১ক' বা ফরম 'মূসক-৭' দাখিল সাপেক্ষে নিবন্ধিত উৎপাদক বা সেবা প্রদানকারী কর্তৃক আমদানিকৃত উপকরণ এবং মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ, যাহাদের বিস্তারিত ও সুনির্দিষ্ট নাম ও বিবরণ ফরম "মূসক-৭" এ উল্লেখিত থাকুক বা না থাকুক;]

(খ) সরকারী, আধাসরকারী ও স্বায়ত্বশাসিত সংস্থা, জাতিসংঘভুক্ত সংস্থা, দূতাবাস, বিশেষ সুবিধাপ্রাপ্ত ব্যক্তি ও সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠান কর্তৃক বিক্রয়/হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;

(গ) Customs Act, 1969 (Act IV of 1969) এর section এর 13 এর অধীনে বন্ড লাইসেন্স বা বন্ড রেজিস্ট্রেশন প্রাপ্ত সরাসরি রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান, প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ও ডিপ্লোমেটিক বন্ডেডওয়্যার হাউস কর্তৃক বন্ড লাইসেন্সের আওতায় আমদানিকৃত পণ্য;

(ঘ) সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশায়িত সংস্থা, ব্যাংক, বীমা ও এনজিও তে দরপত্র বা কার্যাদেশের ভিত্তিতে যোগানদার হিসেবে সরবরাহের উদ্দেশ্যে আমদানিকৃত পণ্য;

(ঙ) Customs Act, 1969 (Act IV of 1969) এর অধীনে প্রণীত যাত্রী (অপর্যটক) ব্যাগেজ বিধিমালার আওতায় বিক্রি/হস্তান্তরের জন্য নয় এমন আমদানিকৃত পণ্য;

---

[৭] এস.আর.ও নং ১৭৩-আইন/২০১৩/৬৭৭-মূসক, তাং ০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ এর মাধ্যমে বিধি ৬ এর উপ-বিধি (১) প্রতিস্থাপন।

(চ) Presidents (Remunaretation and Previliges) Act 1975 অনুসারে রাষ্ট্রপতি কর্তৃক আমদানিকৃত পণ্য;

(ছ) সংসদ সদস্যগণ কর্তৃক অব্যাহতি সুবিধার আওতায় আমদানিকৃত গাড়ি অথবা জিপ;

(জ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এসআরও নং ৬১-আইন/৯২/১৪৪৪/শুল্ক তারিখ: ১৭/০৩/১৯৯২ এর আওতায় ত্রাণ হিসেবে আমদানিকৃত পণ্য;

(ঝ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৬-আইন/৯৩/১৫০২/শুল্ক তারিখ: ১৫/০২/১৯৯৪ এর আওতায় অন্ধ ও বধিরদের জন্য আমদানিকৃত পণ্য;

(ঞ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং 9(41)NBR/Cus-IV/72/246 dt. 10.04.1981 এর আওতায় Defence Store হিসেবে আমদানিকৃত পণ্য;

(ট) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৫৪২-এল/৮৪/৮৮৬/কাস তারিখ: ১০/১২/১৯৮৪ এর আওতায় সাময়িক আমদানি হিসেবে আমদানিকৃত পণ্য;

(ঠ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদনের ভিত্তিতে সরকারী প্রকল্পের আওতায় আমদানিকৃত পণ্য;

(ড) পণ্য পরিবহনে ব্যবহৃতব্য সমুদ্রগামী জাহাজ আমদানির ক্ষেত্রে;

[[১০](ঢ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০২-আইন/৯৫/১৬৩৯/কাস, তারিখঃ ২৮/১১/১৯৯৫ এর আওতায় আমদানিকৃত পণ্য;]

[[১১](ণ) যাত্রী পরিবহনে ব্যবহৃতব্য বিমান ও উহার যন্ত্রাংশ আমদানির ক্ষেত্রে;]

[[১২](ত) ক্যান্সার নিরাময়ে ব্যবহৃতব্য Glivec (Imatinib capsule) ও Tasigna (Nilotinib) নামীয় ঔষধ আমদানির ক্ষেত্রে।];

[[১৩](থ) পণ্য পরিবহণে ব্যবহৃত কার্গো বিমান; এবং

(দ) উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগ বোর্ডের নিবন্ধন সনদপত্রে উল্লিখিত যন্ত্রপাতি ও যন্ত্রাংশ।]

---

[১০] এস.আর.ও নং ৩৯৩-আইন/২০১২/৬৬৪-মূসক, তাং ২২ নভেম্বর ২০১২ খ্রি. এর মাধ্যমে দফা (ঢ) সংযোজন।

[১১] এস.আর.ও নং ০৪-আইন/২০১২/৬৬৫-মূসক, তাং ০৭ জানুয়ারী ২০১৩ খ্রি. এর মাধ্যমে দফা (ণ) সংযোজন।

[১২] এস.আর.ও নং ০৪-আইন/২০১২/৬৬৫-মূসক, তাং ০৭ জানুয়ারী ২০১৩ খ্রি. এর মাধ্যমে দফা (ণ) সংযোজন।

[১৩] এস.আর.ও নং ১১৬-আইন/২০১৪/৭১১-মূসক, তাং ০৫ জুন ২০১৪ খ্রি. এর মাধ্যমে দফা (থ) ও (দ) সংযোজন।

'ফরম-ক'

## ক্রয় ও বিক্রয় হিসাব পুস্তক
[বিধি ৫(১০) দ্রষ্টব্য]

প্রতিষ্ঠানের নাম ঃ

পূর্ণ ব্যবসায়িক ঠিকানা ঃ

নিবন্ধন নম্বর ঃ

তারিখ ঃ টেলিফোন নম্বর ঃ

এলাকা কোড ঃ ফ্যাক্স নম্বর ঃ

| ক্রমিক নং | পণ্যের বিবরণ | পণ্যের একক | একক পণ্যের মূল্য | মজুদ পণ্যের প্রারম্ভিক পরিমাণ | সংগৃহিত/ ক্রয়কৃত /আমদানিকৃত পণ্যের পরিমাণ | বিক্রেতা/ সরবরাহকারীর নাম, ঠিকানা ও নিবন্ধন নম্বর | ক্রয় চালানপত্রের নম্বর ও তারিখ | পণ্যের মোট মজুদ (কলাম ৫+৬) | সরবরাহকৃত পণ্যের পরিমাণ | বিক্রয় চালানপত্রের নম্বর ও তারিখ | প্রদেয় মূসক | পণ্যের প্রান্তিক জের (কলাম ৯+১০) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) | (১৩) | (১৪) |
| | | | | | | | | | | | | | |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[ সুরেশ চন্দ্র বিশ্বাস ]
প্রথম সচিব (মূসক নিরীক্ষা ও পরিদর্শন)



বাঃসঃমুঃ-২০১৩/১৪-৩৭৭এক্স—৯,০০০ বই, ২০১৪।